যুগান্তর

তারিখ 23 NOV 2015
পৃষ্ঠা ৩ কলাম ৫

জাতীয় বিশ্ববিদ্যালয়

# হরতালেও আজকের সব পরীক্ষা অনুষ্ঠিত হবে

গাজীপুর প্রতিনিধি

জামায়াতের ডাকা আজকের হরতালের মধ্যেও জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে সব পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, পূর্ব নির্ধারিত সময়সূচি অনুযায়ী যথারীতি অনুষ্ঠিত হবে সব পরীক্ষা।

রোববার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতরের পাঠানো বিজ্ঞপ্তিতে বলা হয়, সেশনজট নিরসনে নেয়া ক্রাশ প্রোগ্রাম বাস্তবায়নে সব ধরনের পরীক্ষা যথাসময়ে নেয়া হচ্ছে। পরীক্ষাগুলো সুষ্ঠুভাবে অনুষ্ঠানে সবার সহযোগিতা কামনা করা হয়েছে।